

জাতীয় বিশ্ববিদ্যালয়ের  
 অস্তিত্ব রক্ষায় পাল্টা  
 কমিটি গঠন

যুগান্তর রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয় জেও দেয়ার লক্ষ্যে  
 সদস্যদের গঠিত কমিটির বিপরীতে এই  
 বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিজেই একটি  
 কমিটি গঠন করেছে। বিশ্ববিদ্যালয়ের  
 অস্তিত্ব রক্ষার সুসংগঠিত প্রণয়নের জন্য এ  
 সদস্যবিশিষ্ট কমিটি সর্বোচ্চ  
 নীতিনির্ধারণী ফোরাম সিডিকেট কমিটি  
 গঠন করে। কমিটি বিশ্ববিদ্যালয়ের কার্য  
 সূচক উচ্চশিক্ষার ক্ষেত্রে এ  
 বিশ্ববিদ্যালয়ের আগামী দিনের কার্যক্রম  
 এবং অধিকৃত উদ্দেশ্যের দাবির  
 বিষয়গুলোকে বিবেচনায় নিয়ে তাদের  
 সুসংগঠিত প্রণয়ন করবে। আগামী ৭ মে  
 জাতীয় বিশ্ববিদ্যালয় সংক্রান্ত সরকার  
 গঠিত বিশেষজ্ঞ কমিটির বৈঠকের  
 আগেই এই কমিটিকে তাদের রিপোর্ট  
 পেশ করতে বলা হয়েছে।

পরিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের  
 ধানমন্ডি আবাসিক কার্যালয়ে  
 সিডিকেটের এ বৈঠক অনুষ্ঠিত হয়।  
 বিকাল সাড়ে ৪টা থেকে বৈঠক শুরু হয়ে  
 রাত পৌনে ৮টা পর্যন্ত চলে। বৈঠকে  
 সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের  
 উপাচার্য অধ্যাপক ড. কাজী গহীনুজ্জাম।  
 এতে সিডিকেট সদস্যদের মধ্যে  
 অধিকাংশই উপস্থিত ছিলেন। বৈঠকের  
 এনা নিয়ন্ত্রিত ১৮টি বিষয় নিয়ে  
 আলোচনা হলেও সরকার গঠিত  
 বিশেষজ্ঞ কমিটির বিষয়টি নিয়েই  
 আলোচনা দীর্ঘ হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র  
 জানায়।